মুজিবনগরে এতিম শিশুদের নিয়ে স্বেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত সরকারি শিশু পরিবারের এতিম শিশুদের নিয়ে ইফতার মাহফিল করেছে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দল।

শনিবার আয়োজিত এই ইফতার মাহফিলে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স।

এছাড়া উপস্থিত ছিলেন সাবেক ছাত্রদল নেতা শামসুল আল মামুন আনোয়ার ও এরশাদ হোসেন।

মুজিবনগরে ব্রেন টিউমারে আক্রান্ত এতিম শিশুকে জেলা ছাত্রদলের অনুদান প্রদান

মুজিবনগরে ব্রেন টিউমারে আক্রান্ত এতিম শিশুর চিকিৎসার জন্য অনুদান প্রদান করলো মেহেরপুর জেলা ছাত্রদল।

মুজিবনগর উপজেলার, বাগোয়ান গ্রামের মৃতঃ আব্দুল কাদের এর ১৫ বছর বয়সী ছেলে বিপ্লব মীর দীর্ঘদিন ব্রেন টিউমার আক্রান্ত হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। টাকার অভাবে ঠিকমতো চিকিৎসা করতে পারছেনা তার পরিবার। বিভিন্ন সামাজিক সংগঠন সহ প্রশাসনের তরফ থেকেও করা হয়েছে সহযোগিতা তাতেও সংকুলান হয়নি অপারেশনের টাকার। খবর পয়ে তার অপারেশনের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন

মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল শনিবার সকালে বিপ্লব মীর এর বাড়িতে যেয়ে জেলা ছাত্রদলের পক্ষ থেকে রোগীর চাচা মুংলা মীর এর হাতে চিকিৎসার জন্য নগত ১লক্ষ টাকা তুলে দেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

এসময় মেহেরপুর জেলা ছাত্রদল এর সাবেক যুগ্ম সম্পাদক তোফিকুল ইসলাম মিঠন, মেহেরপুর জেলা সাইবার দল এর সাধারণ সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রদল এর সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রিয়াজ সেখ সেখানে উপস্থিত ছিলেন।